যুগান্তর

তারিখ 19 FEB 2007
পৃষ্ঠা ১০ কলাম ৫

# ইবি ভর্তি পরীক্ষায় জালিয়াতির আরেক পদ্ধতি খাতা বদল

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষ ভর্তি পরীক্ষায় খাতা বদলের মাধ্যমে অভিনব কায়দায় জালিয়াতির অভিযোগ উঠেছে। একজনের সার্টিফিকেটের সঙ্গে ছবি পরিবর্তন করে অন্য একজনের প্রক্সি দেয়া, ইউনিট কর্মকর্তা-কর্মচারীদের ঘুষ দিয়ে পাশাপাশি রোল নম্বর করে অপর পরীক্ষার্থীকে সহযোগিতা করার পর জালিয়াতির আরেক পদ্ধতি হলো খাতা বদল। কয়েকটি ইউনিটে দুর্নীতিবাজরা এবার অপেক্ষাকৃত নিরাপদ পদ্ধতি হিসেবে ভর্তি পরীক্ষার খাতায় কোডিংকে বেছে নিয়েছে। সূত্র জানিয়েছে, গত ১২ ফেব্রুয়ারি ভর্তি পরীক্ষা শেষ হওয়ার পর বর্তমানে পরীক্ষার-খাতায়-কোড নম্বর দেয়া হচ্ছে। ভর্তি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করার আগে কেবল সংশ্লিষ্ট ইউনিটের সমন্বয়কারীই খাতায় কোড নম্বর দেন। তারপরই খাতা দেখতে দেয়া হয় ইউনিটভুক্ত শিক্ষকদের। কিন্তু এবার খোদ ইউনিট সমন্বয়কারীদের প্রতি খাতা বদলের মাধ্যমে ভর্তি পরীক্ষায় দুর্নীতির অভিযোগ উঠেছে। কয়েকটি ইউনিটের সমন্বয়কারী পছন্দের প্রার্থীদের ভর্তি করার জন্য সংশ্লিষ্ট বিভাগের শাখা কর্মকর্তাদের মাধ্যমে কোড নম্বর দেয়ার সময় পছন্দের প্রার্থীদের খাতার পিন খুলে কভার পৃষ্ঠা রেখে ভেতরের উত্তর লেখা অংশ ফেলে সেখানে লাগানো হচ্ছে ঘরে বসে উত্তর লেখা খাতা।